গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২১ সেপ্টেম্বর ২০২১
সময় : বিকাল ০৪:০০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস হল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

আলোচ্য বিষয়:

১। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা;
২। বিবিধ।

(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

সভাপতি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রমগুলোর অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন) জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দিলে তিনি তা উপস্থাপন করেন। কার্যক্রমগুলো নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা; | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ত্রৈমাসিক অগ্রগতি (জুলাই-অক্টোবর সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত কর্মপরিকল্পনার ক্রমিক নম্বর ১.৫ এ কর্ম-পরিবেশ উন্নয়নে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে উপপারিচালক (সংস্থাপন) জানান যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাঠ পর্যায়ে স্বাস্থ্যবিধি অনুসরণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা হচ্ছে। ইতোমধ্যে সমাপ্ত প্রকল্পসমূহের (প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প ও রস্ক প্রকল্প) মালামাল চাহিদা অনুযায়ী কর্মকর্তাদের মাঝে বিতরণ করা হয়েছে।<br>বিনষ্ট মালামালগুলো দ্রুত অপসারণের উদ্যোগ নেয়া হয়েছে। টিওএন্ডইভুক্ত অকেজো মালামালগুলো সরকারি বিধি মোতাবেক নিলাম করার জন্য মহাপরিচালক, উপপরিচালক (সংস্থাপন) কে নির্দেশনা দেন। প্রয়োজনে বিআরটিএ এর সাথে যোগাযোগ করে অকেজো গাড়ীসমূহের কাগজপত্র/রেকর্ড হালনাগাদ করে এগুলো অপসারণের উদ্যোগ নিতে পরামর্শ প্রদান করেন।<br>২. নং ক্রমিকের ২.১ অনুচ্ছেদে মোতাবেক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে মর্মে পরিচালক আইএমডি সভায় অবহিত করেন। ক্রয় পরিকল্পনা মোতাবেক কার্যক্রমসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য মহাপরিচালক, সংশ্লিষ্ট পরিচালক, প্রকল্প পরিচালক ও পরিচালক (প্রকিউরমেন্টকে অনুরোধ জানান।<br>২.২ নং ক্রমিকে প্রকল্পের পিএসসি (PSC) ও পিআইসি (PIC) সভা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা মোতাবেক ২০+২০=৪০টি করার নির্দেশনা রয়েছে মর্মে সভায় জানানো হয়। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভাগুলো যাতে নিয়মিত আয়োজন করা হয় সে বিষয়ে পরিচালক পরিকল্পনা উন্নয়ন, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে অবহিত করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসূহ:<br>১.৫ সরকারি বিধি মোতাবেক টিওএন্ডইভুক্ত অকেজো মালামালগুলো অপসারণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন)<br><br>২.১ বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সমাপ্ত করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল)।<br><br>২.২ প্রকল্পের পিএসসি (PSC) ও পিআইসি (PIC) সভা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা মোতাবেক ২০+২০=৪০টি আয়োজন করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক (সকল)।<br><br>২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | | ২.৩ নং ক্রমিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ১ম ত্রৈমাসিকে ৪% এবং ২য় ও ৩য় ত্রৈমাসিকে ২০ ও ৩০ নির্ধারনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। হয়।<br>কোভিড-১৯ জনিত পরিস্থিতি বিবেচনায় বিদ্যালয়সমূহ বন্ধ থাকায় অর্থ বছরের শুরুতে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে জটিলতা হতে পারে মর্মে ১ম ও ২য়, ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা কম রাখা হয়েছে বলে সভায় আলোচনা করা হয়। অন্যান্য ক্রমিকের সূচকগুলো কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন চলমান রয়েছে মর্মে পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন। | |
| ২ | বিবিধ | বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে পরিচালক/প্রকল্প পরিচালকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানান। | বাস্তবায়ন: পরিচালক/প্রকল্প পরিচালক (সকল)। |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয় ।

২৭/৯/২১
আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭
মেইল নং-dgprimarybd@gmail.com
ফ্যাক্স: ৫৫০৭৪৯০৪

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২১ (পার্ট-২)-২০৯

তারিখ: ০৭ আশ্বিন, ১৪২৮
২২ সেপ্টেম্বর, ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :**

১। । সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পরিচালক (সকল)/প্রকল্প পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
৪। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি),প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য)।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়েরগণের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

২২/৯/২১
(মীর্জা মোঃ হাসান খসরু)
উপপরিচালক (সংস্থাপন)